মেহেরপুরে জামায়াত ও বিএনপির ১২ নেতা কর্মী কারাগারে

নাশকতার অভিযোগে মেহেরপুর জেলা জামায়াত বিএনপির ১২ নেতাকর্মীকে কারাগারে পাঠিয়েছেন আদালত।

বুধবার (৬ জুলাই) বিকাল সাড়ে তিনটার সময় মেহেরপুর চীফ জুডিশীয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক আবু বক্কর সিদ্দিকের আদালতে হাজির হয়ে জামিন চাইলে বিচারক তাদের জামিন নামুঞ্জর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

আসামিরা হলেন, মেহেরপুর জেলা জামায়াতের নায়েবে আমীর ও সদর উপজেলার সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান মাহাবুব উল আলম, জেলা জামায়াতের রাজনৈতিক সেক্রেটারী রুহুল আমিন, জেলা জামায়াতের তারবিয়াত সেক্রেটারী রফিকুল ইসলাম, মেহেরপুর সদর উপজেলা জামায়াতের সাধারণ সম্পাদক ও সাবেক মেম্বর জাব্বারুল ইসলাম, মেহেরপুর শ্রমিক কল্যাণ ফেডারেশনের জেলা কমিটির সভাপতি আব্দুর রউফ মুকুল, সদর উপজেলা জামায়াতের অর্থ সম্পাদক মহসিন আলী, জামায়াত কর্মী সাইফুল ইসলাম, রমজান আলী, বিএনপি কর্মী আলেহীম হোসেন, শাহাবুদ্দীন আহম্মেদ ও মখলেছুর রহমান।

মেহেরপুর সদর উপজেলার হিজুলী গ্রামের একটি বাড়িতে অভিযান চালিয়ে গত ১৬ মে সোমবার দিনগত রাত ১১ টার দিকে মেহেরপুর সদর উপজেলার হিজুলী গ্রামের সাবেক মেম্বর জামায়াত নেতা আব্দুল জব্বারের বাড়িতে অভিযান চালিয়ে হিজুলি গ্রামের ফয়জুল মালিথা (৫৫) ও সাবের আলী(৫০) নামের ২ জন জামায়াত নেতাকে আটক করে সদর থানা পুলিশ। ওই অভিযানে বিপুল পরিমাণ জিহাদি বই, মাসিক কর্মপরিকল্পনা ও অন্যান্য কাগজপত্রসহ জব্দ করেন বলে পুলিশ দাবী করেন।

ওই ঘটনায় সদর থানা পুলিশ বাদী হয়ে জামায়াতের নেতা কর্মীদের নামে সরকার বিরোধী নাশকতার পরিকল্পণা ও বিস্ফোরক দ্রব্য আইনে মামলা দায়ের করেন। যার মামলা নং ১৮৯/২২ ইং। মামলায় আসামিরা উচ্চ আদালত থেকে জামিনে ছিলেন।

মেহেরপুরে হেরোইনসহ জেলা তাঁতী লীগের সাধারণ সম্পাদক জুয়েল রানা আটক

মেহেরপুর জেলা তাঁতী লীগের সাধারণ সম্পাদক জুয়েল রানা ও তার দুই সহযোগীকে হেরোইনসহ আটক করেছে ৬ বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) ঝাঁঝাঁ ক্যাম্পের সদস্যরা।

আটকরা হলেন, জেলা তাঁতী লীগের সাধারণ সম্পাদক জুয়েল রানা মেহেরপুর শহরের বেড়পাড়া এলাকার সিরাজুল ইসলামের ছেলে, শহরের নতুন পাড়া এলাকার আবুল কাশেমের ছেলে লালন শেখ ও বেড় পাড়া এলাকার নুরুল ইসলামের ছেলে ইসরাফিল। গতকাল সোমবার সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে আটকের পর রাত সাড়ে নয়টার দিকে মেহেরপুর সদর থানায় হস্তান্তর করা হয়। আটকের সময় বিজিবি সদস্যরা তাদের কাছ থেকে ৬.৬ গ্রাম হেরোইন উদ্ধার করেছে।

ঝাঁঝা বিজিবি ফাঁড়ির নায়েব সুবেদার জামাল হোসেন জানান, বিজিবি’র একটি টহল দল হরিরামপুর এলাকায় টহল থাকাকালীন সময়ে জুয়েল, লালন এবং ইস্রাফিলকে সন্দেহজনক ভাবে ঘোরাফেরা করতে দেখে। এসময় বিজিব সদস্যরা তাদের চ্যালেঞ্জ করে। প্রথম দিকে নিজেদেরকে তাঁতী লীগের সাধাণ সম্পাদক পরিচয় দিয়ে বিজিবির উপর চড়াও হয়। পরে বিজিবি তাদের চড়াওকে পাত্তা না দিলে অবস্থা বেগতিক দেখে পালানোর চেষ্টা করে।

বিজিবি সদস্যরা তাদেরকে ধাওয়া আটক করেন। এসময় তাদের কাছ থেকে ৬.৬ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।. এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মেহেরপুর সদর থানায় একটি মামলা দিয়ে পুলিশে হস্তান্তর করেছে।

মেহেরপুর সদর থানার তদন্ত অফিসার মেজবাহ উদ্দীন আহম্মেদ জানান, বিজিবির পক্ষ থেকে মামলা দেয়া হয়েছে এটি এফআইআরভুক্ত হতে প্রক্রিয়াধীন।

উল্লেখ্য, এর আগে ২০২০ সালের ১৩ অক্টোবর মেহেরপুর শহরের ফুলবাগানপাড়ার একটি বাড়িতে চুরির মামলায় জেলা তাঁতী লীগের সাধারণ সম্পাদক জুয়েল রানার দুই বছর সাজা দেন আদালত। সে মামলায় উচ্চ আদালত থেকে জামিনে রয়েছেন জুয়েল রানা।

মেহেরপুরের শ্রমিক ও প্রতিবেশী সংঘর্ষে উভয় পক্ষের ৮জন আহত

মেহেরপুর শহরের তাঁতীপাড়া দাখিল মাদ্রাসায় চারতলা ভবন নির্মাণে নিরাপত্তা ব্যবস্থা না করার প্রতিবাদ করায় নির্মাণ শ্রমিক ও প্রতিবাদকারীদের মধ্যে সংঘর্ষে উভয় পক্ষের ৮ জন আহত হয়েছে।

গতকাল রবিবার দুপুর ১টার দিকে এ ঘটনা ঘটে। এ ঘটনায় মুক্তিযোদ্ধার মেয়ে রিক্তা খাতুন ও বড় মেয়ের ছেলে ইডেন আরাফাত জেহাদ (২০) আহত হয়েছে। এতে আরাফাতের মাথায় ৮টি সেলাই হয়েছে। এদিকে এ ঘটনায় উত্তেজিত হয়ে স্থানীয়রা নির্মাণ শ্রমিকদের গণপিটুনি দিয়েছে। এতে ৬ শ্রমিক গুরতর আহত হয়েছে। খবর পেয়ে ঠিকাদার সালেহ উদ্দিন আবলু ঘটনাস্থলে গেলে তিনিও তোপের মুখে পড়েন । পরে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে নেয় কাজ বন্ধ রাখার নির্দেশ দেয়।

স্থানীয়রা জানান, দুই বছর ধরে মেহেরপুর শহরের তাঁতীপাড়া দাখিল মাদ্রাসায় চার তলা একাডেমিক ভবনের কাজ শুরু হয়। কাজটি করছেন ঠিকাদার সালেহ উদ্দিন আবলু। কাজ শুরু হওয়ার পর থেকে আশেপাশের বসতিরা নিরাপত্তা ব্যবস্থা করার দাবি করে। তবে ঠিকাদার তাদের দাবি না শুনে নির্মান কাজ চালিয়ে যাচ্ছেন।

মুক্তিযোদ্ধা শওকত হোসেনের স্ত্রী ময়না খাতুন জানান, ঘটনার সময় তিনি রান্না ঘরে রান্না করছিলেন। এসময় উপর থেকে একটি রডের টুকরো রান্না ঘরের টিন ফুটো করে তার পাশে পড়ে। এতে ক্ষুব্ধ হয়ে তার নাতি আরাফাত হোসেন ওই রডটি নিয়ে প্রতিবাদ করতে যায়।

এসময় সামিউলসহ কয়েকজন নির্মাণ শ্রমিক হাতে থাকা বেলচা দিয়ে

আরাফাতকে এলোপাতাড়ি পেটাতে থাকে। এতে তার মাথা ও হাতে আঘাত লাগে। এসময় তার চিৎকারে পরিবার ও আশেপাশের লোকজন ছুটে গিয়ে তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়।

তিনি আরো জানান, মাঝে মধ্যে ইট, বালি ও রডের টুকরা পড়ে। যেকারণে আমরা সেখানে কিছু দেওয়ার কথা বলি যাতে কিছু না পড়ে। কিন্তু সেটা না দেওয়ায় একটুর জন্য আজ আমি বেঁচে যায়। ঠিকাদারকে বললে তিনি শুধু হুমকি দেন। মাদ্রাসার প্রিন্সিপালকে বারবার বলেও কোন লাভ হয়নি।

৩ নম্বর ওয়ার্ড কাউন্সিলর সৈয়দ আবু আব্দুল্লাহ বাপ্পি বলেন, কাজ শুরু হওয়ার পর থেকে আমি বেশ কয়েকবার ঠিকাদারকে বলেছি ভবনের পাশে নিরাপত্তা ব্যবস্থা করার জন্য। তিনি কোন গুরত্ব দেননি। যে কারণে আজকের এই পরিস্থিতি তৈরি হয়েছে। যেটা ঠিকাদার মোটেও ঠিক করেননি।

মেহেরপুর শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী মোস্তাকিন আহমদে বলেন, ভবন নির্মাণে নিরাপত্তা ব্যবস্থা করার জন্য কোন বরাদ্দ নেই। তবে ঠিকাদার পরিবেশ বুঝে নিরাপত্তা ব্যবস্থা করে কাজ করতে পারতেন।

মেহেরপুর তাঁতীপাড়া মহিলা দাখিল মাদ্রাসার সুপার রুহুল আমিনকে কয়েকবার ফোন করলেও তিনি ফোন রিসিভ করেননি।

মাদ্রাসার অফিস সহকারী গিয়াস উদ্দিন জানান, রড পড়েছে কি না জানিনা। তবে মিস্ত্রিরা ওই সময় প্লাস্টারের কাজ করছিলেন।

তবে কাজের দায়িত্বপ্রাপ্ত শ্রমিক আনারুল ইসলাম বলেন, আমরা কোন রডের কাজ করিনি। ২য় তলায় প্লাস্টারের কাজ করছিলাম। কিন্তু তারা রড ফেলেছি বলে এসে আমাদের সাথে ঝগড়া বাধিয়ে দেয়। এসময় ধাক্কাধাক্কিতে ওই ছেলেটার মাথা ফেটে যায়। তারপর তারা লোকজন ডেকে নিয়ে এসে আমাদের মিস্ত্রিদের বেধড়ক পিটিয়েছে। এতে কয়েকজন গুরতর জখম হয়েছে।

ঠিকাদার সালেহ উদ্দিন আবলু বলেন, কাজ শুরু হওয়ার পর থেকে ওই পরিবারটি ডিস্টার্ব করছে। স্থানীয় কাউন্সিলর বাপ্পি চাঁদা চেয়ে না পেয়ে ওই পরিবারকে উস্কে দিয়ে সরকারি কাজে বাধা প্রদান করে আসছে। তিনি আরো বলেন, প্রটেকশন দেওয়ার মত কাজ এখনো শুরু হয়নি,তাই প্রটেকশন দেওয়া হয়নি।

তবে বাপ্পি কাউন্সিলরের সাথে চাঁদার ব্যাপারে ফোন করা হলে তাকে পাওয়া যায়নি।

মেহেরপুর সদর থানার ওসি জুলফিকার আলী বলেন, ওই ঘটনায় সৃষ্ঠ মারামারিতে উভয়পক্ষের কয়েকজন আহত হয়েছে। আমরা ঠিকাদারকে বলেছি নিরাপত্তা ব্যবস্থা করে কাজ চালু রাখতে। কোন পক্ষই এখনো অভিযোগ করেনি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

মেহেরপুর পৌরসভার নবনির্বাচিত পরিষদের দায়িত্ব গ্রহণ ও সংবর্ধনা

মেহেরপুর পৌরসভা নবনির্বাচিত পরিষদের দায়িত্ব গ্রহণ ও মেয়র, সংরক্ষিত নারী কাউন্সিলর এবং সাধারণ কাউন্সিলরদের সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

রবিবার সকালে মেহেরপুর পৌরসভা মিলনায়তনে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর পৌরসভার নির্বাহী প্রকৌশলী মুজিবুর রহমান সহকারী প্রকৌশলী আবু হেনা মোস্তফা কামাল, হিসাব রক্ষক আবুল কালাম আজাদ ফুলদিয়ে বরণ করে নেন মেহেরপুর পৌরসভার নির্বাচিত মেয়র মাহফুজুর রহমান রিটনকে।

পরে পর্যায়ক্রমে বরণ করে নেন ১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর জাহাঙ্গীর আলম, ২ নাম্বার ওয়ার্ড কাউন্সিলর আল মামুন, ৩ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সৈয়দ আবু আব্দুল্লাহ, ৪ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর আব্দুর রহিম, ৫ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর মোস্তাক আহমেদ, ৬ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর শাহিনুর রহমান রিটন, ৭ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব, ৮ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সৈয়দ মঞ্জুরুল কবির রিপন, ৯ নাম্বার ওয়ার্ডের কাউন্সিলর সোহেল রানা ডলার, সংরক্ষিত নারী কাউন্সিলর দিল

আফরোজ, শারমিনা পারভিন, রোকসানা কামাল রুনুকে।

পরে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটনের সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদের প্রশাসক মোঃ গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহসভাপতি ও উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি ইকবাল হোসেন বুলবুল, মেয়র পত্মী আরিফা রহমান, জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান ।

গাংনীর সাহারবাটি গ্রামে দুটি মোটরসাইকেলের সংঘর্ষে আহত ১

গাংনী-কাথুলি সড়কের সাহারবাটি নাম স্থানে দুই মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে ডাবলু হোসেন (৩৫) নামের একজন মারাত্বক আহত হয়েছেন। আহত ডাবলু হোসেন গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের নাসির উদ্দীনের ছেলে।

আজ রবিবার (৩ জুলাই) দুপুরের দিকে সাহারবাটি গ্রামে এ দূর্ঘটনাটি ঘটে।

আহত ডাবলু গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছেন।

আহত ডাবলু জানান, মোটরসাইকেল যোগে সাহারবাটি চারচারা মোড়ের দিকে যাওয়ার সময় বিপরিত দিক থেকে আসা অপর একটি মোটরসাইকেলের সাথে মুখোমুখি ধাক্কা লেগে আমি রাস্তার উপর পড়ে যায়। এতে ডাবলুর মুখে এবং হাতে গুরুতর আঘাত লাগে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক উপসহকারী মেডিকেল অফিসার (স্যাকমো) তানভীর বলেন ডাবলুকে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে।

পল্লী বিদ্যুত কর্তৃপক্ষের খাম খেয়ালিপনায় লাইনম্যান এখন মৃত্যুশয্যায়

মেহেরপুর পল্লী বিদ্যুতের খাম খেয়ালিপনায় এখন মৃত্যু শয্যায় লাইনম্যান সজল(৪০)।

গাংনী উপজেলার খড়মপুর গ্রামের মেইন লাইনে কাজ করার সময় খামখেয়ালি পনা করে লাইন কানেকশন দিয়ে দিলে বিদ্যুতায়িত হয়ে পোল থেকে পড়ে যান সজল।

সহকর্মীরা জানান, ১১ হাজার ভোল্টেজের প্রধান লাইনের পোলের মাথায় মেরামতের কাজ করছিলেন লাইনম্যান সজল (৪০)।
মেহেরপুর পল্লী বিদ্যুতের গাংনী সাব স্টেশন থেকে হঠাৎ লাইনের বিদ্যুৎ সংযোগ দিয়ে দেন। এতে বিদ্যুতায়িত হয়ে পোলোর মাথা থেকে নিচে পড়ে যান তিনি।সজলের মুখোমন্ডলসহ ৮০ ভাগ পুড়ে গেছে।

সজলকে উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। সেখানে তার অবস্থার অবনতি হলে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

আজ রবিবার (৩ জুলাই) দুপুরে এ ঘটনা ঘটে। সজল পার্শ্ববর্তি চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার উসমানপুর গ্রামের নাজির হোসেনের ছেলে।

এদিকে আহত সজলকে হাসপাতালে দেখতে যান পল্লী বিদ্যুৎ সমিতির গাংনী জোনাল অফিসের ডিজিএম আবুল কাশেম।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক উপসহকারী মেডিকেল অফিসার (স্যাকমো) তানভীর বলেন, রোগীর শরীরের ৮০ ভাগ পুড়ে গেছে। প্রাথমিক চিকিৎসা শেষে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

শিক্ষক লাঞ্ছিতের প্রতিবাদে মেহেরপুরে উদীচী শিল্পীগোষ্ঠীর মানববন্ধন

অব্যাহত শিক্ষক নির্যাতন,নিপীড়ন ও হত্যার প্রতিবাদে দেশব্যাপী প্রতিবাদী সাংস্কৃতিক সমাবেশের অংশ হিসেবে মেহেরপুরে বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠীর উদ্যোগে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকাল ৫ টার দিকে মেহেরপুর প্রেস ক্লাব প্রাঙ্গণে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠীর সভাপতি সুশীল চক্রবর্তী এর নেতৃত্বে মানববন্ধনে উপস্থিত ছিলেন, বাংলাদেশ উদীচী শিল্পীগোষ্ঠীর সাধারণ সম্পাদক এডভোকেট মিজানুর রহমান, অক্সফোর্ড কিন্ডারগার্ডেন স্কুলের অধ্যক্ষ জানে আলম, সদস্য মোঃ ফিরোজ হোসেন, আরাত্রিকা চক্রবর্তী, সাধনা খাতুন, রবীন্দ্রনাথ ভট্টাচার্য, সঞ্জিত পাল বাপ্পি, শহিদুল ইসলাম কানন, রতন পাল, আহসান রাজিব (অপু), রাজন, অনুভব আহমেদ প্রমুখ।

গাংনীতে ফুফু শাশুড়ির হাত ভেঙ্গে দিলেন জামায়

গাংনীতে পুলিশের কাছে অভিযোগ করায় ভানুয়ারা খতুন (৫৫) নামের ফুফু শাশুড়িকে রড দিয়ে পিটিয়ে হাতের হাড় ফাটিয়ে দিয়েছে মামাত ভাইয়ের জামাতা বকতিয়ার হোসেন।

আহত ভানুয়ারা গাংনী উপজেলার সহড়াতলা গোরিপুর গ্রামের সামসুল হকের স্ত্রী। গত বৃহস্পতিবার (১ জুলাই) সকালে এ হামলার ঘটনা ঘটে।

ভানুয়ারা জানায়, গত সোমবার দুপুরে গাংনী উপজেলার শহড়াতলা গ্রামের মুক্তার আলীর ছেলে বকতিয়ার রহমান তার ফুফু শাশুড়ি ভানুয়ারা খাতুনকে আম চুরির মিথ্যা অপবাদ দিয়ে মারধর করে আহত করে। এঘটনায় আহত ভানুয়ারা গাংনী হাসপাতালে চিকিৎসা নিয়ে ওই দিন গাংনী থানায় একটি লিখিত অভিযোগ করেন। অভিযোগের প্রেক্ষিতে গাংনী থানা পুলিশের এএসআই মোহাম্মদ আলী ওই গ্রামে ঘটনার তদন্ত করতে যান গ্রামে। এই ঘটনায় ক্ষিপ্ত হয়ে বকতিয়ার গত বৃহম্পতিবার আবারো ভানুয়ারা কে লোহার রড দিয়ে পিটিয়ে আহত করে। এসময় স্থানীয়রা ভানুয়ারা খাতুনকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

ভানুয়ারা খাতুনের ছোট বোন মানজিয়া খাতুন জানান, বকতিয়ার আমাদের মামাত ভাইয়ের জামাই হয়। সে আমার বড় বোন ভানুয়ারা খাতুনকে আমচুরির মিথ্যা অপবাদ দিয়ে প্রথমে মারধর করে। পরে তার বিরুদ্ধে থানায় অভিযোগ করলে আবারো তাকে মারধর করে হাতের হাড় ফাটিয়ে দিয়েছে।

গাংনী হাসপাতালের চিকিৎসক আদিলা আযহার র্অশি বলেন ভানুয়ারার বাম হাতরে একটি হাড় ফেটে গছে। তাকে হাসপাতালে র্ভতি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে।

গাংনী থানার এএসআই মোহাম্মদ আলী বলেন, প্রাথমিক অভিযোগ করেছিল ভানুয়ারা। আমি ওই গ্রামে তদন্ত করতে গিয়েছিলাম। সেখান থেকে ফিরে আসার পর আবারো ওই নারীর ওপর হামলা করেছে এমন ঘটনা শূনেছি।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক বলেন, ওই নারী হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। মামলাটি প্রক্রিয়াধীন রয়েছে। তিনি সুস্থ্য হয়ে উঠলে মামলা হবে।

নানা আয়োজনে মেহেরপুরে ১০০তম

সমবায় দিবস পালিত

আনুষ্ঠানিকভাবে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলন, বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে মেহেরপুরে ১০০তম জাতীয় সমবায় দিবস পালিত হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে আজ শনিবার (২ জুলাই)সকাল ১০ টা সময় মেহেরপুর জেলা সমবায় কার্যালয়ের সামনে জাতীয় সংগীতের সুরে জাতীয় ও সমবায় পতাকা উত্তোলন করা হয়।

মেহেরপুর জেলা সমবায় কর্মকর্তা প্রভাস চন্দ্র বালা জাতীয় পতাকা এবং সমবায় ব্যাংক ব্যবস্থাপনা কমিটির সভাপতি নুরুল ইসলাম সমবায় পতাকা উত্তোলন করেন। পতাকা উত্তোলন শেষে সমবায় ব্যাংকের সামনে বৃক্ষরোপন করা হয়।

পরে ১০০ তম সমবায় দিবস উপলক্ষে একটি বর্ণাঢ্য র্যালি সমবায় ব্যাংকের সামনে থেকে শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্তানে এসে শেষ হয়।

শোভাযাত্রায় অন্যান্যদের মধ্যে মেহেরপুর জেলা সমবায় ব্যাংকের ব্যবস্থাপনা সভাপতি নুরুল ইসলাম, রোকনুজ্জামান তুষার প্রমূখ অংশগ্রহণ করেন।

জেলা সমবায় কর্মকর্তা প্রভাস চন্দ্র বালা সভায় সভাপতিত্ব জেলা সমবায় কার্যালয় মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা সমবায় কার্যালয়ের সহকারী প্রশিক্ষক রোকনুজ্জামান তুষারের সঞ্চালনায় বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা সমবায় অফিসার মনিরুজ্জামান, পরিদর্শক নুরুজ্জামান, হাসনাবাদ মৎস্যজীবি সমবায় সমিতির সভাপতি শরিফুল ইসলাম প্রমুখ।

আমঝুপিতে বিএনপি কর্মীদের

হামলায় আওয়ামী লীগ কর্মী আহত

সামাজিক বৈঠক চলাকালিন সময়ে ইউনিয়ন পরিষদের নির্বাচনে নৌকা প্রতীকের এজেন্ট নজরুল ইসলামকে (৫২) পিটিয়ে আহত করেছেন বিএনপি কর্মীরা।

আহত নজরুল ইসলাম মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের গন্ধরাজপুরপাড়া এলাকার রেজাউল শেখের ছেলে।

গত শুক্রবার (১ জুলাই) দিবাগত রাত সাড়ে ১১ টার দিকে আমঝুপি গ্রামের গন্ধরাজপুর পাড়াতে এ মারপিটের ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, ঈদুল আযহাকে কেন্দ্র করে আমঝুপি গ্রামে সামাজিক বৈঠক চলছিল। বৈঠক শেষে নজরুল ইসলাম বাড়িতে ফিরছিলেন। এসময় মৃত আব্দুস সাত্তারের ছেলে হজরত আলী, পঞ্চু শেখের ছেলে মিরাজুল, তাহাজ উদ্দীন ফরাজির ছেলে ফারদুল, আবুল কায়েরের ছেলে সাখাওয়াত ও নগু’র ছেলে জহুরুল ইসলামসহ তাদের লোকজন নজরুল ইসলামকে বেধড়ক মারপিট করে।তাদের লাথি কিল ঘুঁষিতে আহত হন নজরুল ।

স্থানীয়রা তাকে আহতাবস্থায় উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করেন। বর্তমানে সে আইসিইউতে চিকিৎসাধীন রয়েছে।

এদিকে আহত নজরুল ইসলামকে আজ দুপুরে হাসপাতালে দেখতে যান আমঝুপি ইউনিয়নের নবনির্বাচিত চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামীলীগের সভাপতি বোরহান উদ্দীন আহমেদ চুন্নু, ইউপি সদস্য আবুল কাশেম , আওয়ামীলীগ নেতা হেলাল উদ্দীন, আনিছুর রহমানসহ অনেকেই।

এঘটনায় হামলাকারীদের বিরুদ্ধে মামলার প্রস্তুতি নিচ্ছেন আহতের পরিবার।